

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২১৮

৩৩/ ইমারাত বা নেতৃত্ব (كتاب الإمارة)

পরিচ্ছেদঃ ৩৩/২০. মক্কাহ বিজয়ের পর ইসলাম, জিহাদ ও ভাল কাজ করার উপর বাইয়াত গ্রহণ এবং ফতহে মক্কার পর আর কোন হিজরাত নেই- এর অর্থের বর্ণনা।

المبایعه بعد فتح مکة على الإسلام والجهاد والخير وبيان معنی لا هجرة بعد الفتح

আরবী

حَدِيثُ مُجَاشِعِ بْنِ مَسْعُودٍ وَأَبِي مَعْبُدٍ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ مُجَاشِعِ بْنِ مَسْعُودٍ،
قَالَ: أَنْطَلَقْتُ بِأَبِي مَعْبُدٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيُبَيَّأَعُهُ عَلَى الْهِجْرَةِ، قَالَ:
مَضَتِ الْهِجْرَةُ لِأَهْلِهَا، أَبَايِعُهُ عَلَى الْإِسْلَامِ وَالْجِهَادِ فَلَقِيْتُ أَبَا مَعْبُدٍ، فَسَأَلْتُهُ، فَقَالَ:
صَدَقَ مُجَاشِعُ

বাংলা

১২১৮. মুজাশি ইবনু মাসউদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবু মা'বাদ (রাঃ) (মুজালিদ)-কে নিয়ে নবী সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম এর নিকট গেলাম যেন তিনি তাঁর নিকট হতে হিজরতের জন্য বাই'আত গ্রহণ করেন। তখন তিনি বলেন, হিজরতকারীদের জন্য হিজরত অতিক্রান্ত হয়ে গেছে। আমি তার নিকট হতে ইসলাম ও জিহাদের জন্য বাই'আত গ্রহণ করব। [বর্ণনাকারী আবু উসমান নাহদী (রহঃ)] বলেন, এরপর আমি আবু মা'বাদ (রাঃ)-এর সাক্ষাৎ করে তাকে জিজ্ঞেস করলাম, তিনি বলেন, মুজাশি এতে সত্যি বলেছেন।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৬৪; মাগায়ী, অধ্যায় ৫৪, হাঃ ৪৩০৮; মুসলিম, পর্ব ৩৩.: ইমারাত বা নেতৃত্ব, অধ্যায় ২০, হাঃ ১৮৬৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মুজাশি (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84446>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন